



অক্টোবর 2024

## সাইবারসিকিউরিটি সচেতনতার মাস

নিজেকে সুরক্ষিত রাখুন!

### 1. ফিশিং (জালিয়াতিমূলক) ইমেইল থেকে সতর্ক থাকুন

ফিশিং হচ্ছে যখন সাইবার অপরাধীরা ভুয়া ইমেইল ব্যবহার করে তথ্য চুরি করার চেষ্টা করে। তারা অন্য কারো পরিচয় প্রদান করে এবং আপনাকে বিপজ্জনক কোনো লিংকে ক্লিক করতে চায়। যদি কোনো ইমেইল দেখে উদ্ভট মনে হয়, সতর্ক হোন, সেটা কে পাঠিয়েছে এবং তার পরিচিতির সাথে তার ইমেইল মিলছে কিনা তা দেখুন।

### 2. মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন (MFA) ব্যবহার করুন

আপনি যখন MFA দিয়ে লগইন করেন তখন হ্যাকারদের হাত থেকে বাড়তি এক স্তর প্রতিরক্ষা লাভ করেন। এটি গোপন কোডসহ একটি টেক্সট বার্তার মতো যা একবার ব্যবহারের পর মেয়াদোত্তীর্ণ হয়।

### 3. একটি বলিষ্ঠ পাসওয়ার্ড অথবা একটি পাসফ্রেইজ ব্যবহার করুন

একই পাসওয়ার্ড সর্বত্র ব্যবহার করবেন না! অক্ষর, নম্বর, এবং সাংকেতিক চিহ্ন ব্যবহার করুন। যত দীর্ঘ হবে তত ভালো, এবং পাসফ্রেইজ (বাক্যাংশ) সহায়ক হতে পারে।

### 4. আপনার সফটওয়্যার হালনাগাদ রাখুন

এটা হ্যাকারদের ইনস্টল করা সফটওয়্যারের মাধ্যমে সংক্রমণের ঝুঁকি হ্রাস করে যেগুলো আপনার তথ্য চুরি করতে বা আপনার কম্পিউটারে ভাইরাস ছড়াতে পারে।

### 5. সামাজিক মাধ্যমে (সোশ্যাল মিডিয়ায়) স্মার্ট ও নিরাপদ থাকুন!

পুরো জন্ম তারিখ, বাড়ির ঠিকানা, কিংবা আপনার অবস্থানের মত ব্যক্তিগত তথ্য শেয়ার করা, যা পরিচিতি চুরি কিংবা হয়রানি করার জন্য ব্যবহার করা হতে পারে।

### 6. সুরক্ষিত থাকুন - সুরক্ষাদানকারী ওয়াই-ফাই ব্যবহার করুন

পাবলিক নেটওয়ার্কগুলো সুরক্ষিত নয়। ইমেইল এবং ব্যাংক অ্যাকাউন্টে লগইন করা সহ আপনি অনলাইনে কী করছেন তা থেকেই দেখতে পারেন।

### 7. AI-নির্ভর প্রতারণা থেকে সতর্ক থাকুন

সাইবার অপরাধীরা বাস্তবসম্মত ছবি, লেখা, কণ্ঠস্বর, এবং ভিডিও তৈরিতে উন্নত AI ব্যবহার করেছে। এটা ফিশিং এবং অন্যান্য প্রতারণা খুঁজে বের করাকে আরো কঠিন করে তোলে। সতর্ক থাকুন এবং যেকোনো অপ্রত্যাশিত যোগাযোগকে আপনি বিশ্বাস করার আগে দ্বিতীয়বার যাচাই করুন (যেমন উৎস যাচাই করুন, AI সম্পর্কিত বিপদ থেকে সাবধানতার চিহ্ন এবং জরুরি ভাষা, অস্বাভাবিক কণ্ঠস্বর, অথবা কিছুটা বিকৃত ছবির মতো “আর্টিফ্যাক্ট বা মানব-সৃষ্ট উপকরণ”, ইত্যাদি খুঁজে পাওয়ার দিকে লক্ষ্য রাখুন)।